মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুন ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ জুলাই ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৮৩	১৯১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৬৩	৯৩৫
মোট	২,৫৭২	১,৪৪৬	১,১২৬

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	৪৩	৩২	৬৩	৫১	১৯১
দুর্নীতি দমন কমিশন	-	-	৩০৮	২১৮	২৮৩	১২৬	৯৩৫
মোট	২	-	৩৫১	২৫০	৩৪৬	১৭৭	১,১২৬

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	১	-	-	-	সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার মিজ্ খাতুনে জান্নাতকে মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-
	সচিব, সমন্বয় ও সংস্কার		
	-	-	-
	অতিরিক্ত সচিব		-
	-	-	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	১	-	বিভাগীয় কার্যালয়, সিলেট-এর ভবন নির্মাণ পরিদর্শন এবং দুদকের অফিস পরিদর্শন ও প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ।

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) **আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

(৩) **অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

(৪) **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	১৭০	১১০.৭১ (৬৫.১২ শতাংশ)	-
2. Social Security Policy Support Programme (2nd revised)	১,৫৬৮	১,৫৬৮ (শতভাগ)	-
3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১২৪	৬৪.০৭ (৫১.৬৭ শতাংশ)	-
4.Strengthening SBCC Delivery System in Social Protection	৯০.২৬	২৯.১০ (৩২.২৪ শতাংশ)	
মোট	১,৯৫২.২৬	১,৭৭১.৮৮ (৯০.৭৬ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) **উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	২৫টি	১৩৫.৮১	৬টি	৬টি	১৯টি	-
মোট	৩৯টি	১৩৫.৮১	৬টি	৬টি	৩৩টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

জন্য

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	-	২	২
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	-	১৫	১০
মোট	১৭	-	-	-	-	১৭	১২

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	গ্রেড ৯ থেকে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের Artificial Intelligence (AI) বিষয়ে প্রশিক্ষণ	৭-১১ জুন ও ১৪-১৮ জুন ২০২৬	৫৭ জন
দুর্নীতি দমন কমিশন	১.	প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ	৭-১১ জুন ২০২৬	২০ জন
	২.	দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৮-১০ জুন ২০২৬	২০ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড ১০-২০ পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
-	-	-	-	-

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	১২৩তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)	১৭ মে-৩০ জুন ২০২৬	জনপ্রশাসন মন্ত্রণালয়	৪ জন
	২.	Introduction to Budget Management (IBM) শীর্ষক প্রশিক্ষণ, ৫৫তম ব্যাচ	৭-১৪ জুন ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
	৩.	Introduction to Budget Management (IBM) শীর্ষক প্রশিক্ষণ, ৫৬তম ব্যাচ	১৫-২১ জুন ২০২৬	ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ	১ জন
দুর্নীতি দমন কমিশন	১.	দুর্নীতি দমন কমিশনের কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ	৬-৮ জুন এবং ১১-১৩ জুন ২০২৬	বিয়াম ফাউন্ডেশন, আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার এবং আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা।	৬০ জন
	২.	ক্যাপিটাল মার্কেট ম্যানেজমেন্ট	৪-১৫ জুন ২০২৬	বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট	২০ জন
	৩.	Social Media Management Course	১৪-২৩ জুন ২০২৬	এনএপিডি	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুদকের ৪ জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশে কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১৫টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ১৭টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৫৪টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১৮টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) জুন ২০২৬ মাসে আমদানি নীতি আদেশ, ২০২৬-২৯-এর খসড়া পরিমার্জনের জন্য মন্ত্রিসভা কমিটি; জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ; জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন কমিটি; জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন কমিটির

জন্য

নির্বাহী কমিটি এবং সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬-এর খসড়া পর্যালোচনা ও চূড়ান্ত করার জন্য মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে।

(৫) জুন ২০২৬ মাসে সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি এবং জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ পুনর্গঠন করা হয়েছে।

(৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৭টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৪টি আইন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(৭) ৭ জুন ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) ১৭ জুন ২০২৬ তারিখে ২০২১ এবং ২০২২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসমূহ বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) থেকে বাঁধাই করা হয়েছে।

(৯) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব দীপেন দেওয়ানের পদত্যাগপত্র মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১ জুন ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) ২ জুন ২০২৬ তারিখে মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত ভোটে মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান জাতিসংঘের ৮১তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ায় ৪ জুন ২০২৬ তারিখের মন্ত্রিসভার বৈঠকে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১০ জুন ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান ২১ জুন ২০২৬ তারিখ রবিবার কুয়ালালামপুর, মালয়েশিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ২৬ জুন ২০২৬ তারিখ শুক্রবার বেইজিং, চীন হতে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়েছে।

(১২) জুন ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৩টি এবং পুনঃতদন্তের জন্য ২টিসহ মোট ১৬টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) জুন ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১০টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৬টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ৪টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে।

(১৪) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মে দ্বিতীয় এবং জুন প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৫) বিশ্ব পরিবেশ দিবস, ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ২ জুলাই ২০২৬ তারিখ হতে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স এবং আলিম পরীক্ষা-২০২৬ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রাদুর্ভাব প্রতিরোধে সমন্বিত কার্যক্রম গ্রহণ ও করণীয় নির্ধারণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল কমিশনার ও জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) জাতীয় ফল মেলা-২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তাবিত জেলা পর্যায়ের কমিটি এবং উপজেলা পর্যায়ের কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারসহ মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তাকে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান করে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এ গৃহীত সিদ্ধান্তসমূহ স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগসমূহে প্রেরণ এবং জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও ২০১৯-২৫ সালে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলনের গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা আয়োজন ও কার্যবিবরণী স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/কার্যালেয়ে প্রেরণ করা হয়েছে।

(২১) সরকারি প্রতিষ্ঠানের ভবনের ছাদে জাতীয় রূফটপ সোলার প্যানেল স্থাপন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য কমিশনার ও জেলা প্রশাসকগণকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) জুন ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। জুন ২০২৬ মাসের কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(২৩) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত মে ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৪) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১০ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৫) নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে নিয়মিত মোবাইল কোর্ট ও অন্যান্য প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ এবং জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে সচিব, খাদ্য মন্ত্রণালয়, সচিব, কৃষি মন্ত্রণালয়, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সকল বিভাগীয় কমিশনার, চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), বাংলদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে

(২৬) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮ এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৭) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩০ জুন ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ২৩,৬৩৭টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১৫,০০৪টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬৩.৪৮ শতাংশ।

(২৮) ৭-১১ জুন ও ১৪-১৮ জুন ২০২৬ তারিখে Artificial Intelligence বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের গ্রেড ৯ হতে তদূর্ধ্ব কর্মকর্তাগণের অংশগ্রহণে ৫ দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

(২৯) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি GPMS সফটওয়্যার ক্রয়ের জন্য প্রস্তুতকৃত Terms of Reference (ToR) সংশোধন করে প্রেরণ করা হয়েছে।

(৩০) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরের মে ২০২৬ মাসের (আরএডিপি) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন বাস্তবায়ন ও পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৩১) ২৪ জুন ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩২) 'Five Year Strategic Framework for Reform and Development (July 2026-June 2031)' শীর্ষক অর্থনৈতিক কৌশলপত্রের উপর মতামত ২৯ জুন ২০২৬ তারিখে সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।

গ. আগামী (জুলাই- আগস্ট ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২১তম সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

১৫/৭/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব